

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নীতি ও সংগঠন শাখা
ঢাকা
www.mofa.gov.bd

নং-এডি-পিএন্ডও-৩৭৭/ ১২৪

তারিখ : ২৯ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : প্রাথিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুযায়ী গৃহীত অগ্রিমের অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ সম্পর্কিত।

‘প্রাথিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা’ অনুযায়ী ‘সুদমুক্ত ঋণ’ এর অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন অপব্যবহার রোধকল্পে কতিপয় ব্যবহৃত গ্রহণের নির্দেশনা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্রে অনুলিপি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রচার করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।


১৫১১-১১-১৯

(ফজলে লোহানী বাবু)

সিনিয়র সহকারী সচিব (নীতি ও সংগঠন)

ফ্ল ৯৫৫৩২০

ই-মেইল : aspando@mofa.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সকল কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। রেস্টের, ফরেন সার্ভিস একাডেমি, ২২ বেইলী রোড, ঢাকা।
- ৩। সকল মিশনপ্রধান, বিদেশস্থ সকল বাংলাদেশ মিশন (অন্বারারি কনস্যুলেট ব্যতীত)।
- ৪। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
গাড়ি সেবা শাখা
www.mopa.gov.bd

নং ০৫,০০,০০০০,১২৪,১৯,০০১,১৮ - ১৮২৬০

তারিখ : ১৮ কার্তিক, ১৪২৬
০৩ নভেম্বর, ২০১৯

বিষয় : প্রাথিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুযায়ী গৃহীত অগ্রিমের অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ সম্পর্কিত।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫,০০,০০০০,১২৪,১৯,০০১,১৮-২৫৬০, তারিখঃ ০১/১০/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “প্রাথিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা” অনুযায়ী “সুদমুক্ত ঋণ” গ্রহণকারী কোন কোন কর্মকর্তা প্রেষণ/মাঠ প্রশাসন/প্রকল্পে কর্মরত থাকা অবস্থায় সার্বক্ষণিক সরকারি গাড়ি ব্যবহারের সুবিধা থাকা সত্ত্বেও উক্ত নীতিমালার নীতি-১৬ যথাযথভাবে অনুসরণ না করে গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ২৫,০০০/- (পাঁচিশ হাজার) টাকার পরিবর্তে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করছেন। এতে সরকার আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে।

০১। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন সরকারি কর্মকর্তা “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন ব্যবহারে বিভিন্ন অনিয়ম করেছেন যা সরকারি কর্মচারীর অসদাচরণ ও দুর্নীতির আওতাভুক্ত অপরাধ।

০৩। “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন অপব্যবহার রোধকল্পে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক :

(ক) “প্রাথিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা” এর নীতি-১০ ও ১৬ মোতাবেক ১০০% রক্ষণাবেক্ষণ ব্যয় গ্রহণের ক্ষেত্রে “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি ব্যবহার করতে হবে। এক্ষেত্রে সরকারি/অধীনস্থ দপ্তর/সংস্থার যানবাহন ব্যবহার করা যাবে না।

(খ) প্রেষণ/মাঠ প্রশাসন/প্রকল্পে কর্মরত কোন কর্মকর্তার সার্বক্ষণিক সরকারি যানবাহন ব্যবহারের সুবিধা থাকলে “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ির রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ নির্ধারিত অর্থের ৫০% প্রাপ্ত হবেন।

(গ) কর্মস্থলে যাতায়াতের ক্ষেত্রে “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি ব্যবহার করতে হবে। এক্ষেত্রে সরকারি/অধীনস্থ দপ্তর/সংস্থার যানবাহন ব্যবহার করা বিধিসম্মত নয়।

০৪। বর্ণিতাবস্থায়, “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি এবং যানবাহন ব্যবহারে সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণে ব্যত্যক্তারী কর্মকর্তাগণের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণসহ তাঁর মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এবং অধীনস্থ সংস্থা-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ শরীফুল ইসলাম)

উপসচিব

ফোন-৯৫৫৬০১০